

# 🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০:১

# 💵 আরবি মূল আয়াত:



## 

ত্ব-হা \_ আল-বায়ান

ত্ব-হা-। — তাইসিরুল

ত্ব-হা - মুজিবুর রহমান

Ta, Ha. — Sahih International

### ১. ত্বা-হা,(১)

(১) ত্বা-হা শব্দটি হুরুফে মুকান্তাআতের অন্তর্ভুক্ত। যেগুলো সম্পর্কে পূর্বেই বলা হয়েছে যে, এর প্রকৃত অর্থ মহান আল্লাহ্ই ভাল জানেন। তবে উদ্মতের সত্যনিষ্ঠ আলেমগণ এর কিছু অর্থ বর্ণনা করেছেন। যেমন, হে মানব! অথবা হে পুরুষ। কাযী ইয়াদ বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের সালাতে এক পায়ের উপর ভর করে কুরআন তেলাওয়াত করতেন। যা তার জন্য অনেক কষ্টের কারণ হয়ে পড়েছিল। ফলে এ সম্বোধনের মাধ্যমে বলা হচ্ছে যে, যমীনের সাথে মিশে থাকেন অর্থাৎ দু'পায়ের উপর ভর করে দাঁড়িয়ে অথবা বসে বসেও আপনি কুরআন তেলাওয়াত করতে পারেন। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

#### (১) ত্ব-হা-।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2349

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন